108

REVISED
Edition - 1

Color CODED
(In Future will be Coded in Details)

With Audio Mp3

ذَٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ فِيهِ هُدًى لِّلْمُتَّقِينَ

“ এ সেই কিতাব যাতে কোনই সন্দেহ নেই।
পথ প্রদর্শনকারী পরহেযগারদের জন্য ”

“ This is the Book about which there is no doubt,
a guidance for those conscious of Allah ”

2 : 2



Recitation (তিলাওয়াত) By World -Famous Egyptian QARI
“ Sheikh Abdul Basit 'Abd us-Samad ”

108

Surah Al - Kawthar (আল্-কাওসার)

(The River in Paradise / Abundance)

(জান্নাতি-নহর / প্রাচুর্য)

যে ব্যক্তির পুত্রসন্তান মারা যায়, আরবে তাকে নির্বংশ বলা হয়। রসূলুল্লাহ্ (সাঃ)-এর পুত্র কাসেম অথবা ইবরাহীম যখন শৈশবেই মারা গেলেন, তখন কাফেররা তাঁকে নির্বংশ বলে উপহাস করতে লাগল। ওদের মধ্যে 'আস ইবনে ওয়ায়েলের' নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তার সামনে রসূলুল্লাহ্ (সাঃ)-এর কোন আলোচনা হলে সে বলতঃ আরে তার কথা বাদ দাও, সে তো কোন চিন্তারই বিষয় নয়। কারণ, সে নির্বংশ। তার মৃত্যু হয়ে গেলে তার নাম উচ্চারণ করারও কেউ থাকবে না। এর পরিপ্রেক্ষিতে সূরা আল-কাওসার অবতীর্ণ হয় । সংক্ষেপে ,পুত্রসন্তান না থাকার কারণে কাফেররা রসূলুল্লাহ্ (সাঃ)-এর প্রতি দোষরোপ করতো অথবা অন্যান্য কারণে তাঁর প্রতি ধৃষ্টতা প্রদর্শন করত। এরই প্রেক্ষাপটে সূরা কাওসার অবতীর্ণ হয়। এতে দোষরোপের জওয়াব দেয়া হয়েছে যে, শুধু পুত্রসন্তান না থাকার কারণে যারা রসূলুল্লাহ্ (সাঃ)-কে নির্বংশ বলে, তারা তাঁর প্রকৃত মর্যাদা সম্পর্কে বে-খবর। রসূলুল্লাহ্ (সাঃ)-এর বংশগত সন্তান-সন্ততিও কেয়ামত পর্যন্ত অব্যাহত থাকবে, যদিও তা কন্যা-সন্তানের তরফ থেকে হয়। অনন্তর নবী আধ্যাত্মিক সন্তান অর্থ্যাৎ, উম্মত তো এত অধিকসংখ্যক হবে যে, পূর্ববর্তী সকল নবীর উম্মতের সমষ্টি অপেক্ষাও বেশী হবে। এছাড়া এ সূরায় রসূলুল্লাহ্ (সাঃ) যে আল্লাহ্ তা'আলার কাছে প্রিয় ও সম্মানিত তাও তৃতীয় আয়াতে বিবৃত হয়েছে।

www.easy-quran.net

108

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

Sura (সূরা)	Al - Kawthar (আল্-কাওসার)
Title (টাইটেল / Other Names)	Plenty / Good In Abundance জান্নাতি নহর , প্রাচুর্য
# Sura (সূরা নং)	108
Descent (অবতীর্ণ)	Makki
# Ayat / verses No. (আয়াত নং)	1 - 3
# Word No. (শব্দ নং)	10 (With Repeated Words)
# Juz (পারা নং)	30
# Ruku (রুকু)	1

Surah Al Kawthar

108 : 1/3

6205 / 6236

إِنَّآ أَعْطَيْنَٰكَ ٱلْكَوْثَرَ

PRON ACC | PRON PRON V | N

Audio

'Innâ 'A'-taynāka Al-Kawthara

1

নিশ্চয়ই আমরা তোমাকে কাওসার দান করেছি ।

Indeed, We have granted you, Al-Kawthar.

Word No.

1 / 00000 ➤ إِنَّا – Indeed, We – (নিশ্চয়ই, আমরা) [Here, We = Royal /Megestic Plural]

[*Royal "we"is used for singular person displaying the meanings of royalty and grandness.*]

2 / 00000 ➤ أَعْطَيْنَا كَ – We have granted you – (আমরা দান করেছি তোমাকে)

3 / 00000 ➤ ال كَوْثَرَ – Al - Kawthar

– ইহকাল ও পরকালের অগণিত কল্যাণ, হাশরের দিনের হাওযে কওসার বা জান্নাতের একটি ঝর্না)

This Repetition (NA = We) emphasises Certainty (incase one was to forget), *ihtimaam* (highlights and gives importance).

www.easy-quran.net

108 : 2/3

6206 / 6236

فَصَلِّ لِرَبِّكَ وَٱنْحَرْ

REM V P N PRON V CONJ

Audio

Fa-salli Li-Rabbika Wa-inhar

অতএব তোমার পালনকর্তার উদ্দেশ্যে নামায পড় এবং কোরবানী কর।

So pray to your Lord and sacrifice .

Word No.

4 / 00000 ➤ فَ صَلِّ - so pray - (অতএব / সুতরাং নামায পড়)

5 / 00000 ➤ لِ رَبِّكَ - to your Lord - (তোমার পালনকর্তার উদ্দেশ্যে)

6 / 00000 ➤ وَانْحَرْ - and sacrifice - (এবং কোরবানী কর)

108 : 3/3

Surah Al Kawthar

6207 / 6236

إِنَّ شَانِئَكَ هُوَ ٱلْأَبْتَرُ

ACC N PRON PRON N

Audio

'Inna Shāni-'aka Huwa Al-'Abtaru

নিশ্চয়ই [যে] তোমার নিন্দুক, সেই তো লেজকাটা, নির্বংশ ।

Indeed, your enemy is the one cut off.

Word No.

7 / 00000 ➤ إِنَّ – Indeed – (নিশ্চয়ই)

8 / 00000 ➤ شَانِئَ كَ – your enemy - [তোমার (প্রতি) বিদ্বেষ পোষণকারী, শত্রু, নিন্দুক]

9 / 00000 ➤ هُوَ – He (is) – (সে-ই)

10 / 00000 ➤ الْ أَبْتَرُ – the one cut off

– (লেজকাটা, শিকড়-কাটা , নির্মূল , নির্বংশ, নিঃসন্তান, বিকালাঙ্গ , ত্রুটিপূর্ণ)

Foot-Notes

সংক্ষিপ্ত তাফসীর

1 হাওযে কাওসার কি ?

মুসানাদে আহমদে ইবনে মালিক (রহঃ) হতে বর্ণিত আছে যে রসূলাল্লাহ (সাঃ) কিছুক্ষণ তন্দ্রাছন্ন ছিলেন হঠাৎ মাথা তুলে হাসি মুখে তিনি বললেন অথবা তার হাসির কারন জিজ্ঞাসা করা হলে তিনি বললেন " এই মাত্র আমার উপর একটি সূরা নাযিল হয়েছে তখন তিনি বিসমিল্লাহির রাহমানির রাহিম বলে সূরা কাওসার পাঠ করলেন তারপর তিনি সাহাবীদের জিজ্ঞাসা করলেন কাওসার কি তা কি তোমরা জান? " উত্তরে তাঁরা বললেনঃ " আল্লাহ্ এবং তাঁর রাসূল (সাঃ) ই ভালো জানেন।" তখন রসূলুল্লাহ (সাঃ) বললেন " কাওসার একটি জান্নাতি নহর। তাতে অনেক কল্যাণ নিহিত আছে । মহিমান্বিত আল্লাহ আমাকে এটা দান করেছেন । কেয়ামত এর দিন আমার উম্মত সেই কাওসারের নিকট সমবেত হবে । আসমানে যতো নক্ষত্র আছে সেই কাওসারে পেয়ালা এর সংখ্যা ও ততো । কিছু লোককে কাওসার থেকে সরিয়ে দেওয়া হবে তখন আমি বলবোঃ " হে আমার প্রতিপালক! এরা আমার উম্মত ! " তখন আল্লাহ বলবেন " তুমি জাননা তোমার (ইন্তেকালের) পর এরা কত রকম এর বিদআত আবিষ্কার করেছে ! "

মুসানাদে অন্য একটি হাদিসে আছে

রসূলুল্লাহ (সাঃ) এ সূরার আয়াতসমূহ তিলাওয়াত করে বললেন

“ আমাকে কাওসার দান করা হয়েছে । কাওসার একটি প্রবাহিত ঝর্না বা নহর , কিন্তু গর্ত নয়। ওর দু’পাশে মুক্তার তৈরি তাঁবু । ওর মাটি খাঁটি মিশকের ওর পাথর ও খাঁটি মুক্তা দ্বারা খচিত। ”

অন্য এক বর্ণনায় রয়েছে যে মি’রাজের রাত্রে রসূলুল্লাহ (সাঃ) আসমানে জান্নাতে এ নহর দেখেছিলেন । এবং জিবরাঈল (আঃ) কে জিজ্ঞাসা করেছিলেনঃ “ এটা কোন নহর ? ” উত্তরে জিবরাঈল (আঃ) বলেছিলেনঃ “ এর নাম কাওসার যা আল্লাহ্ তাবারাকা ওয়া তাআলা আপনাকে দান করেছেন। ”

অন্য এক হাদিসে আছে কাওসারের পানি দুধের চেয়েও বেশী সাদা , মধুর চেয়েও বেশী মিষ্ট। সেই কাওসারের তীরে লম্বা গ্রীবা বিশিষ্ট পাখিরা বসে আছে । হযরত আবু বকর (রহঃ) এসব শুনে বললেন “ সে সব পাখি তো খুব সুন্দর ! ” নবী করীম (সাঃ) বললেনঃ “ সেগুলো খেতে ও খুব সুস্বাদু। ” অন্য এক বর্ণনায় আছে হযরত আনাস (রহঃ) রাসুলুল্লাহ (সাঃ) কে জিজ্ঞাসা করলেনঃ “ কাওসার কি ? ” উত্তরে তিনি এ হাদিসটি বর্ণনা করলে হযরত ওমর (রহঃ) পাখীগুলো সম্পর্কে উক্ত কথা গুলো বলেন ।

www.easy-quran.net

Book Reference

For Translation (অনুবাদ)

*** " Bengali – Translation " by :

[Mareful Quran / Ibn Kathir / Yusuf Ali / Tafhimul Quran / Fee Zilzal Quran / Dr. Zohurul Hoque]

এই অনুবাদ গুলোর সমন্বয়ে কুর'আনের প্রতিটা আরবি শব্দের অর্থকে ঠিক রেখে বাংলা অনুবাদ করা হয়েছে যাতে কোন শব্দের অর্থ বাদ না পড়ে , এবং যেটা সবচেয়ে সহজবোধ্য । তবে যেসব ক্ষেত্রে কুর'আনের শাব্দিক অর্থ সম্পূর্ণরূপে অনুবাদগুলিতে আছে সেটা নেওয়া হয়েছে । কারণ বিখ্যাত যেসব অনুবাদক অনুবাদ করেছেন সেখানে কিছু শব্দের অর্থ আছে যেগুলি অনুবাদকরা উহ্য / Silent রেখে ভাবার্থের মাধ্যমে প্রকাশ করেছেন বাক্যের পূর্ণতা রক্ষার্থে আবার অনেক নতুন শব্দ ব্যবহার করেছেন মানুষের সহজার্থে যা কুর'আনে সরাসরি বলা নেই কিন্তু ভাবার্থে আছে । যে কারণে শব্দের অর্থ খুঁজতে গেলে আমরা পাইনা , কিছু হয়তো মিলানো যায় তবে বেশীর ভাগি ভাবার্থের মধ্যে লুকানো থাকে । যেহেতু এটা শব্দার্থে কুর'আন সুতরাং কোন শব্দকে বাদ না রাখার চেষ্টা করা হয়েছে এবং যেসব ক্ষেত্রে ভাবার্থের কোন শব্দ অর্থ্যাৎ যা কুর'আনে সরাসরি বলা নেই কিন্তু ভাবার্থে আছে সেগুলিকে ব্রাকেট [ ] এর মধ্যে রাখা হয়েছে । যাতে আমরা সহজে প্রতিটা শব্দের অর্থ কে মিলিয়ে পড়তে পারি এবং নিশ্চিত হতে পারি প্রতিটা শব্দের অর্থ। কারণ আমরা শব্দের অর্থ না জানার কারণে অনেকেই আছি কোন অনুবাদকের অনুবাদ পড়লে মনে করি এখানে যা আছে সবটুকুই আল্লাহ্ বলেছেন সরাসরি কুর'আনে। কিন্তু প্রকৃতপক্ষে সেটা না, এজন্য ব্রাকেট দেখলেই আমরা বুঝতে পারব এটা সরাসরি আল্লাহ্ বলেননি কিন্তু ভাবার্থে আছে । আল্লাহর বাণী আর মানুষের চিন্তা থেকে আসা ভাবার্থ যেন আমরা মিশিয়ে না ফেলি এটা আমাদের লক্ষ্য রাখতে হবে ।

*** " English - Translation " by :

[Sahih International / Yusuf Ali / Pickthell / Shakir / Mohammad sarwar
Mohsin Khan / Arberry]

এই অনুবাদ গুলোর সমন্বয়ে সহজবোধ্য একটি ইংরেজি অনুবাদ করা হয়েছে ।

Book Reference

For Word Meaning (শব্দার্থ)

*** Bengali Tafsir

তাফসিরে মা'আরেফুল কুর'আন [হজরত মওলানা মুফতি মুহাম্মাদ শফি' (রহঃ)] অনুবাদ : মওলানা মুহিউদ্দিন খান
তাফসিরে ইবনে কাসীর [হাফেজ ইমামুদ্দিন ইবনে কাসীর (রহঃ)] অনুবাদ : ডঃ মুহাম্মাদ মুজিবুর রহমান]
ফী - যিলাযিল কুর'আন – সাইয়েদ কুতুব শহীদ (রহঃ)
তাফহীমুল কুর'আন – সাইয়েদ আবুল আ'লা মওদুদী (রহঃ)

*** English Tafsir :

www.quran4u.com [By Ibn Kathir]

*** Advanced English Tafsir [Language Research type]

www.linguisticmiracle.com [By Nouman Ali Khan – DREAM Tafseer]
http://corpus.quran.com/ [Arabic Quran language Research Group from University Of Leeds]

*** Dictionary : (Arabic to English)

1) LEXICON By Edward William Lane 2) Classic Arabic dictionary By Abdul Mannan Omar 3) By Abdul Karim Parekh

*** Word for Word Quran (Arabic to English)

1) Dr. Shehnaz shaikh / Mr. kausar khatri 2) Mohammad Mohar Ali 3) Sheikh Abdul Karim Parekh

*** Font Collection : http://corpus.quran.com/

.....And more other websites.....

A
Non-Profit
(Individual)

EASY
Al-Qur'an
Project

Project Status :
(Ongoing)

Start Date :
2011

Will be continued
Until Finish
Insha ALLAH

.....If u find any un-intentional Mistake ,
please let me know sothat can correct immediately.....

Feel free to contact
via
www.easy-quran.net

May Allah accept all our deeds & make more easier to understand Quran.....

.....Ameen .....

By
Engr. Md. Ariful Islam
(Civil Engineer – B.Sc.)
[CUET]
Non- Resident - Bangladeshi – United Arab Emirates

Warning !!

Always check your Last Up-dated date, otherwise again download that Sura to get More details / Corrected information

আপনার Last Download এর Date টি সর্বদা check করুন , যাতে কোন সংশোধন / নতুন কোন তথ্য যোগ হলে সূরাটি আবার Download করতে পারেন ।

Last Updated :
17 / 02 / 2013